নির্বাচন অগ্রাধিকার

নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহণ পুল ভবন, ঢাকা-১০০০।

নথি নম্বর-৪৮.০০.০০০০.০০১.৩১.০০৫.২২- ৫৪

তারিখ: ০২ চৈত্র, ১৪২৯
১৬ মার্চ, ২০২৩

## পরিপত্র-১

**বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনি সময়সূচি সংবলিত গণ-বিজ্ঞপ্তি জারি, মনোনয়নপত্র দাখিল ও যাচাই ইত্যাদি।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০-এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্দারা সংযোজিত তফসিলে বর্ণিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে সময়সূচি ঘোষণা করেছে:

**ক) ভোটার তালিকা প্রকাশ:**

| ক্রমিক | বিবরণ | | সময়কাল |
|---|---|---|---|
| ১. | খসড়া ভোটার তালিকা প্রকাশ | : | ১৯/০৩/২০২৩ (রবিবার) |
| ২. | খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ | : | ২২/০৩/২০২৩ (বুধবার) |
| ৩. | দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ | : | ২৮/০৩/২০২৩ (মঙ্গলবার) |
| ৪. | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | : | ০২/০৪/২০২৩ (রবিবার) |

**খ) নির্বাচনী তফসিল:**

| | | | |
|---|---|---|---|
| ১. | মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০:০০টা থেকে বেলা ৩:০০টা পর্যন্ত) | : | ০৫/০৪/২০২৩ (বুধবার) |
| ২. | মনোনয়নপত্র বাছাই | : | ০৯/০৪/২০২৩ (রবিবার) |
| ৩. | প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০:০০টা থেকে বেলা ৩:০০টা পর্যন্ত) | : | ১১/০৪/২০২৩ (মঙ্গলবার) |
| ৪. | আপিল নিষ্পত্তির তারিখ | : | ১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার) |
| ৫. | মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ | : | ১৬/০৪/২০২৩ (রবিবার) |
| ৬. | চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ | : | ১৭/০৪/২০২৩ (সোমবার) |
| ৭. | প্রতীক বরাদ্দের তারিখ | : | ১৮/০৪/২০২৩ (মঙ্গলবার) |
| ৮. | ভোট গ্রহণের তারিখ | : | ১৩/০৫/২০২৩ (শনিবার) |

**ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯:০০টা হতে বিকাল ০৪:০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে**

২। **সময়সূচির গণ-বিজ্ঞপ্তি:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচির গণ-বিজ্ঞপ্তি এতৎসঙ্গে প্রেরণ করা হলো **(পরিশিষ্ট-ক)।**

৩। **রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগের পরিপত্র অবিলম্বে জারি করা হবে।

৪। উল্লিখিত বিষয়ে স্মর্তব্য যে, আইন অনুসারে রিটার্নিং অফিসারকে তাঁর দায়িত্ব পালনের জন্য সহকারী রিটার্নিং অফিসার সহায়তা করবেন এবং নির্বাচন কমিশনের আদেশ/নির্দেশের আলোকে দায়িত্ব পালন করবেন। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার এতদসম্পর্কিত আইন ও বিধিমালা অনুসারে নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যে রূপ পদক্ষেপ গ্রহণ ও কার্যাবলি সম্পাদনের প্রয়োজন, তা সম্পাদনের জন্য দায়িত্ববান থাকবেন এবং পালন করবেন। তা ছাড়া, মনোনয়নপত্র বিতরণ, গ্রহণ, মনোয়ননপত্র বাছাই, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রচার প্রচারণা, ভোট গ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন সর্বোপরি ভোট গ্রহণের দিন ভোটারদের লাইন ব্যবস্থাপনায় স্বাস্থ্যবিধি অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করতে হবে।

**৫। সময়সূচি সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি জারি:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০-এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী গঠিত নির্বাচন কমিশন বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের সময়সূচি ঘোষণার পর, যথাশীঘ্র সম্ভব, রিটার্নিং অফিসার তাঁর আওতাভুক্ত নির্বাচনী এলাকার জন্য পৃথক গণ-বিজ্ঞপ্তি জারি করবেন। উক্ত গণ-বিজ্ঞপ্তিতে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ব্যালট পেপারের মাধ্যমে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে বিষয়টি উল্লেখ থাকবে। এতৎসঙ্গে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের স্থান (জেলা/মহানগর পর্যায়ে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত অতিরিক্ত জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয় এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয় সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক) ও সময় উল্লেখপূর্বক একই গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে মনোনয়নপত্র আহবান করতে হবে। কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল নির্বাচনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন এবং জেলা প্রশাসকগণ স্ব স্ব অধিক্ষেত্রে সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন। মহানগর (৮টি বিভাগীয় শহরে) কমান্ড নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক মনোনীত একজন অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন। জেলা প্রশাসক মনোনীত একজন সিনিয়র সহকারী কমিশনার সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন। এখানে উল্লেখ্য যে, মনোনয়নপত্র অফিস চলাকালীন অর্থাৎ সকাল ০৯:০০টা হতে বিকাল ০৪:০০টা পর্যন্ত গ্রহণ করতে হবে। গণ-বিজ্ঞপ্তির অনুলিপি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার দর্শনীয় স্থানসমূহে টাঙিয়ে দিবেন এবং রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের অফিসে টাঙিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণ করবেন। গণ-বিজ্ঞপ্তির একটি নমুনা আপনার কাজের সুবিধার্থে এতৎসঙ্গে প্রেরণ করা হলো **(পরিশিষ্ট-ক)।**

**৬। রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় প্রস্তুতকরণ:** সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনার সুবিধার্থে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারকে স্ব স্ব কার্যালয়ে সার্বক্ষণিক অবস্থান করে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে।

**৭। সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে অফিসে উপস্থিত থেকে কার্যক্রম গ্রহণ:** যথাসময়ে ও যথাযথভাবে নির্বাচনের কাজ সম্পন্ন করার লক্ষ্যে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারের অফিস এবং নির্বাচন অফিসের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে দায়িত্ব পালনের প্রয়োজন হতে পারে। নির্ধারিত অফিস সময়ের পরেও গুরুত্বপূর্ণ কতিপয় কার্যক্রম সম্পাদন করার প্রয়োজন হতে পারে। মনোনয়নপত্র দাখিল/গ্রহণ, বাছাইয়ের বিরুদ্ধে আপিল দায়ের/আপিল গ্রহণ, প্রার্থিতা প্রত্যাহার বিষয়ক কার্যাদি সকাল ০৯:০০টা হতে বিকাল ০৪:০০টা পর্যন্ত অব্যাহত রাখতে হবে। উল্লেখ্য, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে ভোট গ্রহণের সময়সীমা একই সঙ্গে সকাল ০৯:০০টা হতে বিকাল ০৪:০০টা পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

**৮। প্রার্থী হওয়ার যোগ্যতা ও প্রার্থী হওয়ার বা থাকার অযোগ্যতা:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা এবং প্রার্থী হওয়ার বা থাকার অযোগ্যতা সংবলিত বিধান নির্দেশিকায় বিশদ বর্ণনা করা হয়েছে।

**৯। মনোনয়নপত্র এবং ভোটার তালিকা সংগ্রহ:** বিভিন্ন পদে প্রার্থী হতে ইচ্ছুক মুক্তিযোদ্ধাগণ নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত মনোনয়ন ফর্ম নগদ ২০০/- (দুইশত) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে সংগ্রহ করতে পারবেন। ভোটার তালিকা প্রতি পাতা ০৫/- (পাঁচ) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে সংগ্রহ করতে পারবেন অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) থেকে যে কোন ব্যক্তি/প্রার্থী বীর মুক্তিযোদ্ধাদের সমন্বিত তালিকা ডাউনলোডপূর্বক ভোটার তালিকা সংগ্রহ করতে পারবেন।

**১০। মনোনয়নপত্র দাখিল:** মনোনয়ন ফর্ম যথাযথভাবে পূরণ করে ফর্মে বর্ণিত নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করে উপজেলা কমান্ডের মনোনয়নপত্র উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। জেলা/মহানগর কমান্ডের মনোনয়নপত্র জেলা প্রশাসক কর্তৃক মনোনীত অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বরাবর এবং কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল নির্বাচনের মনোনয়নপত্র রিটার্নিং অফিসারের কার্যালয়ে (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়) দাখিল করতে হবে। মনোনয়নপত্রের সাথে প্রমাণ হিসেবে মুক্তিযোদ্ধার সনদ দাখিল করতে হবে।

**১১। মনোনয়নপত্র গ্রহণ:** জারীকৃত সময়সূচি অনুসারে মনোনয়নপত্র দাখিল করতে হবে। প্রার্থী অথবা প্রস্তাবকারী অথবা সমর্থনকারী রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করতে আসলে, রিটার্নিং অফিসার তা গ্রহণ করবেন। মনোনয়নপত্র গ্রহণ করার সময় মনোনয়নপত্রের নির্ধারিত স্থানে ক্রমিক নম্বর প্রদান করতে হবে।

**১২। মনোনয়নপত্র প্রাপ্তির সময় লিপিবদ্ধকরণ এবং প্রাপ্তি রসিদ প্রদানসহ বাছাইয়ের তারিখ অবহিতকরণ:** রিটার্নিং অফিসার প্রাপ্ত প্রত্যেক মনোনয়নপত্রে ক্রমিক নম্বর দিবেন, মনোনয়নপত্রে দাখিলকারীর নাম, মনোনয়নপত্র প্রাপ্তির তারিখ ও সময় লিপিবদ্ধ করবেন এবং রিটার্নিং অফিসার কখন, কোন তারিখে ও কোথায় মনোনয়নপত্র বাছাই করবেন তা সংশ্লিষ্ট মনোনয়নপত্র দাখিলকারীকে অবহিত করবেন ও মনোনয়নপত্র প্রাপ্তির রসিদ মনোনয়নপত্র দাখিলকারীর নিকট হস্তান্তর করবেন। উল্লেখ্য, প্রাপ্তির রসিদটি মনোনয়নপত্রের সাথে সংযোজিত আছে।

**১৩। জামানত:** মনোনয়নপত্র দাখিলের সময় প্রত্যেক প্রার্থীকে নিম্নবর্ণিত হারে রিটার্নিং অফিসার বরাবর পে-অর্ডার/ডিডি-এর মাধ্যমে জামানত প্রদান করতে হবে।

ক) **কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল:** চেয়ারম্যান পদপ্রার্থীর জন্য ১৫,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যান পদপ্রার্থীদের জন্য ১০,০০০/- টাকা, মহাসচিব পদপ্রার্থীর জন্য ১০,০০০/- টাকা এবং অবশিষ্ট পদপ্রার্থীদের জন্য ৫,০০০/- টাকা।

খ) **জেলা/মহানগর কমান্ড:** কমান্ডার পদপ্রার্থীর জন্য ৫,০০০/- টাকা, ডেপুটি কমান্ডার পদপ্রার্থীর জন্য ৩,০০০/- টাকা এবং অবশিষ্ট পদপ্রার্থীদের জন্য ২,০০০/- টাকা।

গ) **উপজেলা কমান্ড:** কমান্ডার পদপ্রার্থীর জন্য ৩,০০০/- টাকা, ডেপুটি কমান্ডার পদপ্রার্থীর জন্য ২,০০০/- টাকা এবং অবশিষ্ট পদপ্রার্থীদের জন্য ১,০০০/- টাকা।

উক্ত অর্থ প্রাপ্তির প্রমাণস্বরূপ রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার রসিদ প্রদান করবেন।

**১৪। মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ ধারা ১৫ এবং ১৮ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহ অনুসারে মনোনয়নপত্র বাছাইঅন্তে রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত যে-কোনো সিদ্ধান্তে কোনো প্রার্থী সংক্ষুব্ধ হলে নির্ধারিত সময়ের মধ্যে আপিল দায়ের করতে পারবেন। জেলা/মহানগর কমান্ড এবং উপজেলা কমান্ড নির্বাচনের আপিল জেলা প্রশাসক বরাবর এবং কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল নির্বাচনের ক্ষেত্রে আপিল নির্বাচন কমিশন বরারব করতে হবে।

**১৫। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ উপলক্ষ্যে জারীকৃত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ পরিচালনার লক্ষ্যে নির্বাচন কমিশন হতে প্রয়োজন অনুসারে বিভিন্ন

পরিপত্র ও পত্রের নির্দেশনা জারি করা হবে। নির্ধারিত সময়সূচির সাথে সংগতি রেখে ও বিভিন্ন সময়সীমার সাথে সমন্বয়পূর্বক সকল কার্যক্রম জারীকৃত নির্দেশনা অনুসারে সম্পন্ন করতে হবে।

১৬। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ এর তফশিল ইতোমধ্যে জারি করা হয়েছে (পরিশিষ্ট-ক)। উল্লিখিত নির্বাচন উপলক্ষ্যে জারীকৃত/জারিতব্য নির্দেশনা অনুসারে নির্বাচন পরিচালনা করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

**সংলগ্নী:** বর্ণনামতে, ........

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

২৮/৩/২০২৩

(রতন চন্দ্র পন্ডিত)
প্রধান সমন্বয়কারী
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩
টেলিফোন: ০১৭১৬২৬২৯৩৭

**বিতরণ:**

১। জেলা প্রশাসক (সকল)।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

নথি নম্বর-৪৮.০০.০০০০.০০১.৩১.০০৩.২২- ৫৪/৭ (৬)

তারিখ: ০২ চৈত্র, ১৪২৯ / ১৬ মার্চ, ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. জনাব এ এফ এম ইয়াহিয়া চৌধুরী, সাবেক অতিরিক্ত সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ঢাকা।
২. বীর মুক্তিযোদ্ধা জনাব উজ্জ্বল বিকাশ দত্ত, সাবেক সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন, ২০২২-২৩, ৩/ডি, ইস্টার্ন হাউজিং এপার্টমেন্ট, ৪ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা।
৩. জনাব মোঃ আনছার আলী খান, সাবেক অতিরিক্ত সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ২০ ইস্কাটন গার্ডেন, ফ্ল্যাট-৭/এ, ঢাকা।
৪. লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির, বীরপ্রতীক, স্বাধীনতা পদক, পদ্মশ্রী ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কাউন্সিল, জেলা/ মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
৬. প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ৩৯৩ নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার (সকল)।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৮/০৩/২০২৩

(রতন চন্দ্র পন্ডিত)
প্রধান সমন্বয়কারী